



**জি**ডি বিড়লা সভাঘরে হয়ে গেল এক  
অন্যরকম সাংস্কৃতিক সন্ধ্যা। রূপম  
ইসলাম ১৩জন দুঃস্থ বাচ্চার সঙ্গে কতগুলো  
গান রেকর্ড করেছেন, সেই অ্যালবামের নাম  
‘কন্ডিশন ফ্রি’। কিন্তু অ্যালবামটি এখনও  
কোনও সংস্থা রিলিজ করেনি। সেদিন এই  
গানগুলোর সঙ্গে ১২জন শারীরিক প্রতিবন্ধীর  
সঙ্গে আরও জনাঘাটেক দুঃস্থ শিশু উপহার দিল  
এক অসাধারণ পারফরম্যান্স। অনুষ্ঠানটির  
আয়োজন করেন অভিজিৎ দাশগুপ্ত।